গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন ও আইসিটি শাখা

রাজশাহী বিভাগে কোভিড-১৯ গণটিকা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা লক্ষ্যে বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	১৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ
সভার সময়	বেলা ০১.৩০ টা
স্থান	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট ‘ক’

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, বিশ্বব্যাপী করোনার নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন এর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় বিশ্বের অনেক দেশের ন্যায় বাংলাদেশেও করোনা আক্রান্তের হার বৃদ্ধি পায়। কিন্তু কোভিড-১৯ মহামারীর প্রাদুর্ভাব রোধে সরকারী নির্দেশনা ও স্বাস্থ্যবিধি অনুসরণ করায় রাজশাহী বিভাগে করোনা আক্রান্তের হার ও মৃত্যুহার বর্তমানে নিম্নমূখী। কোভিড-১৯ প্রাদুর্ভাব প্রতিরোধে মাস্ক পরিধান নিশ্চিতকরণ ও স্বাস্থ্যবিধি অনুসরণের পাশাপাশি ভ্যাকসিন প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে।

সভাপতি জানান যে, কোভিড-১৯ প্রাদুর্ভাব প্রতিরোধে সরকারি নির্দেশনা বাস্তবায়নে চলমান কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম জোরদারকরণের নিমিত্ত করোনা ভাইরাস ভ্যাকসিন প্রয়োগ ও বাস্তবায়ন বিষয়ক জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. দেশব্যাপী একযোগে ০১ কোটি মানুষকে কোভিড-১৯ ভ্যাকসিন (১ম ডোজ) প্রদান করা হবে। উক্ত গণটিকা কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য জনাব ড. আহমদ কায়কাউস, প্রধানমন্ত্রীর মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৬/০২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সিং এ বিভাগীয়, জেলা ও উপেজলা পর্যায়ে সভা আয়োজনের মাধ্যমে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। সভাপতি জানান, দেশব্যাপী গণটিকা কার্যক্রমে উৎসবমূখর পরিবেশে এক কোটি মানুষকে কোভিড-১৯ ভ্যাকসিন (১ম ডোজ) প্রদান নিশ্চিতকল্পে ১২ বছর ও তদূর্ধ্ব বয়সী জনগোষ্ঠীর জন্য কোভিড-১৯ গণটিকা কার্যক্রম যথাযথ ও সুষ্ঠুভাবে পরিচালনা ও সাফল্যমন্ডিত করতে সকলের সহযোগিতা প্রয়োজন।

অত:পর সভায় উপস্থিত ডিআইজি, রাজশাহী রেঞ্জ, পুলিশ কমিশনার, আরএমপি, সিইও, রাজশাহী সিটি কর্পোরেশন, পরিচালক (স্বাস্থ্য) সহ অন্যান্যরা তাদের মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

ক্র. নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	১. উৎসবমূখর পরিবেশে আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখে কোভিড-১৯ ভ্যাকসিনেশনে ক্যাম্পেইনে রাজনৈতিক নেতৃবৃন্দ/জনপ্রতিনিধি/শিক্ষক/এনজিও/স্কাউটসহ বিভিন্ন স্তরের প্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে। ২. গণটিকা প্রদান কার্যক্রম মনিটরিং করার জন্য জেলা প্রশাসকগণ প্রতিটি উপজেলার জন্য ০১ জন এবং উপজেলা নির্বাহী অফিসার প্রতিটি ইউনিয়নের জন্য ০১ জন ট্যাগ অফিসার নিয়োগ করবেন। ৩. সিটি কর্পোরেশন, জেলা ও উপজেলায় সভা আয়োজনপূর্বক কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।	১. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ২. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩. পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ

০২	গণটিকা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য যথাযথভাবে প্রচার প্রচারণা চালাতে হবে। এ বিষয়ে রাজশাহী বেতারে, বিভিন্ন স্থানে মাইকিংসহ প্রচারণা চালাতে হবে। করোনা ভাইরাস মোকাবেলায় টিকা প্রদানের আগের দিন ও টিকাদানের দিন মসজিদ মাইক ও হ্যান্ডমাইকে ঐ সংশ্লিষ্ট এলাকার টিকাদান কেন্দ্র ও সেখান থেকে টিকা গ্রহণ সম্পর্কিত ঘোষণা প্রদান ও জোরালো প্রচারণা চালাতে হবে।	১. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী ৩. পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় ও জেলা তথ্য অফিস, রাজশাহী ৪. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
০৩	সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়নের ওয়ার্ডের কাউন্সিলর/ সদস্যদের এ টিকা কার্যক্রমে সম্পৃক্ত করতে হবে। গ্রাম পুলিশ, স্কাউটস, এনজিও সহ অন্যান্যদের সম্পৃক্ত করতে হবে।	১. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ২. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ ৩. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
০৪	এ বিভাগে গণটিকা কার্যক্রম সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে বাস্তবায়নের জন্য আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. উপ-মহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী ২. পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী ৩. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
০৫	বিভিন্ন মাদ্রাসা, এতিমখানায় জুম্মার নামাজসহ মসজিদে ধর্মীয় উপসানালয়ে গণটিকা কার্যক্রম বিষয়ে ব্যাপক প্রচার করতে হবে।	১. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
০৬	১২-১৮ বছর শিক্ষার্থীদের গণটিকা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।	১. পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
০৭	স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে গণটিকা কার্যক্রমে নিবিড়ভাবে সম্পৃক্ত করতে হবে।	১. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ ২. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩. পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ
০৮	সরকারি নির্দেশনা অনুসরণে গণটিকা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এ লক্ষ্যে এ বিভাগের জন্য পর্যাপ্ত পরিমাণ টিকার মজুদ রাখতে হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে অধিকতর চাহিদা প্রেরণ করতে হবে। গণটিকা কার্যক্রমে স্বাস্থ্য বিভাগকে সহযোগিতা করতে হবে।	১. পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
০৯	গণটিকা কার্যক্রমে বিশেষ জনগোষ্ঠী যেমন: ক্ষেতে খামারে কাজ করা শ্রমিক, হাট-বাজার, মার্কেট, দোকান ও রেস্টুরেন্ট এর কর্মচারী, ইটভাটা শ্রমিক, মেসে বসবাসকারী জনগোষ্ঠী, বেদে সম্প্রদায় ও অন্যান্য ভাসমান জনগোষ্ঠীকে প্রয়োজনীয় সংখ্যক স্বেচ্ছাসেবক টিমের মাধ্যমে তাদের বাড়ি বাড়ি গিয়ে তাদেরকে টিকা প্রদানের ব্যবস্থা করতে হবে।	১. পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
১০	উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মতে ২৬ শে ফেব্রুয়ারি গণটিকা কার্যক্রম সম্পন্নের পর সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।	১. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ২. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.০৫.০০১.২১.৮৩

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮
১৭ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২) সিনিয়র সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) উপ-মহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৪) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৫) পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন
৭) পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ
৮) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৯) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১০) পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী
১১) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী
১২) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
১৩) সাঁটলিপিকার, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

নীলুফা সরকার
সিনিয়র সহকারী কমিশনার